Total No. of Printed Pages—7

HS/XII/A/b/26

2 0 2 6

BENGALI (ELECTIVE)

(FOR CANDIDATES WITH INTERNAL ASSESSMENT—NEW COURSE)

Full Marks : 80

(FOR CANDIDATES WITHOUT INTERNAL ASSESSMENT—OLD COURSE)

Full Marks : 100

Time : 3 hours

The figures in the margin indicate full marks for the questions

General Instructions :

(i) Marks allocated to all the questions are indicated against each.

(ii) Part—I (Question Nos. **1** to **5**) is for both New Course/Scheme and Old Course/Scheme Students.

(iii) Part—II (Question Nos. **6** and **7**) is the Old Course/ Scheme Students only.

PART—I

GROUP—A

(*Marks* : 45)

১। বন্ধনী থেকে সঠিক শব্দ বেছে নিয়ে শূন্যস্থান পূর্ণ কর (যে কোনো **পাঁচটি**) : ১×৫=৫

(ক) ''হয়তো শুনিবে এক _____ ডাকিতেছে শিমুলের ডালে।''
(শঙ্খচিল / লক্ষ্মীপেঁচা / দোয়েল)

(খ) ''দেখব শুধু মুখখানি, শুনাও যদি শুনবো _____। ''
(বাণী / কথা / সুর)

(গ) ''_____ তুমি যুগে যুগে দূত পাঠায়েছ বারে বারে।''
(ঈশ্বর / ভগবান / প্রভু)

(ঘ) ''_____ অনেক স্থলে মনুষ্যের উপকারী, এখনও তাই।''
(গর্ব / অহঙ্কার / ঈর্ষা)

(ঙ) ''_____ ভালোবাসার অত্যাচারে পরিপূর্ণ।''
(মানবজীবন / পশুজীবন / জড়জগৎ)

(চ) ''সাময়িক সাহিত্য, লেখকের জন্য _____।''
(ক্ষতিকর / অবনতিকর / লাভদায়ক)

(ছ) ''তোমা বিনা অযোধ্যা _____ অন্ধকার।''
(নিশিথে / দিবসে / প্রভাতে)

(জ) ''পিতামহ দিলা মোরে _____ নাম।''
(ভবানী / অন্নপূর্ণা / অন্নদা)

২। সত্য/মিথ্যা নির্ণয় করে উত্তরপত্রে লেখ (যে কোনো **দশটি**) : ১×১০=১০

(ক) সংস্কৃত ভাষায় 'মহাভারত' রচনা করেন কাশীরাম দাস।

(খ) 'চর্যাপদ'-এর প্রাপ্ত পদসংখ্যা পঞ্চাশটি।

(গ) ধনঞ্জয় বৈরাগী মাধবপুরের অধিবাসী ছিলেন।

(ঘ) ''বরণীয় তারা স্মরণীয় তারা তবুও বাহির দ্বারে''—এটি 'প্রশ্ন' কবিতার পংক্তি।

(ঙ) চাঁদসদাগর 'চণ্ডীমঙ্গল' কাব্যের কেন্দ্রীয় চরিত্র।

(চ) ''যে আকবর বাদশাহের আমরা শতমুখে প্রশংসা করিয়া থাকি, তিনিই বাংলার কাল।'' মন্তব্যটি 'বাঙ্গালার ইতিহাস' প্রবন্ধের অন্তর্গত।

(ছ) রবীন্দ্রনাথ ঠাকুরের লেখা 'প্রায়শ্চিত্ত' একটি উপন্যাস।

(জ) 'আবার আসিব ফিরে' কবিতাটি জীবনানন্দ দাশের 'রূপসী বাংলা' কাব্যের অন্তর্গত।

(ঝ) সীতারাম ছিলেন প্রতাপাদিত্যের গৃহরক্ষক।

(ঞ) বিপ্রদাস পিপলাই-এর রচিত কাব্যের নাম 'মনসাবিজয়'।

(ট) 'অন্নদামঙ্গল' কাব্যের রচয়িতা মাইকেল মধুসূদন দত্ত।

(ঠ) সৈয়দ আলাওল 'পদ্মাবতী' কাব্যগ্রন্থের জন্য বিখ্যাত।

(ড) বিভা ও সুরমা দুই বোন।

৩। সঠিক বিকল্প বেছে নিয়ে উত্তর লেখ (যে কোনো **দশটি**) : ১×১০=১০

(ক) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের রচয়িতা হলেন
(বড়ু চণ্ডীদাস / জয়দেব / বিদ্যাপতি)

(খ) ছাপাখানার যুগে 'মনসামঙ্গল' কাব্যের কোন্ কবি প্রথম মুদ্রণ সৌভাগ্য লাভ করেছিলেন ?
(দ্বিজ বংশীদাস / কেতকাদাস ক্ষেমানন্দ / তন্ত্রবিভূতি)

(গ) ''আমার উপর মাধবপুর পরগনা শাসনের ভার মহারাজ রেখেছিলেন।'' এখানে 'আমার' বলতে কাকে বোঝানো হয়েছে ?
(উদয়াদিত্য / ধনঞ্জয় / সীতারাম)

(ঘ) ''যে বিষয়ে যাহার অধিকার নাই, সে বিষয়ে তাহার হস্তক্ষেপণ অকর্ত্তব্য।'' কে বলেছিলেন ?
(শরৎচন্দ্র / বঙ্কিমচন্দ্র / রবীন্দ্রনাথ)

(ঙ) 'ভালোবাসার অত্যাচার' প্রবন্ধটি কার লেখা ?
(মধুসূদন দত্ত / রবীন্দ্রনাথ ঠাকুর / বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়)

(চ) বামী কার পরিচারিকা ছিলেন ?
(বিভার / প্রতাপাদিত্যের মহিষীর / রাজপরিবারের)

(ছ) কৃষ্ণদাস কবিরাজ গোস্বামীর রচিত কাব্যের নাম কী ?
('চৈতন্যমঙ্গল' / 'শ্রীচৈতন্যচরিতামৃত' / 'চৈতন্য ভাগবত')

(জ) বাঙালি যে ইংরেজের অনুকরণ করিতেছে, ইহাই বাঙালির কি ?
(আস্থা / বিশ্বাস / ভরসা)

(ঝ) কোন্ সময়কে বাংলা সাহিত্যের 'অন্ধকার যুগ' বলা হয় ?
(১২০১–১৩৫০ / ১৩৫১–১৪৫০ / ১৫০০–১৬৫০)

(ঞ) 'বৈষ্ণব পদাবলী'র একজন কবি হলেন
(গোবিন্দদাস / রামপ্রসাদ / ভারতচন্দ্র)

(ট) সকল অলঙ্কারের শ্রেষ্ঠ অলঙ্কার কী ?
(সরলতা / উপমা / স্টাইল)

(ঠ) ''যে মোরে আপন ভাবে, তারি ঘরে যাই।'' বক্তা কে?
(দেবী চণ্ডী / ঈশ্বরী পাটনী / দেবী অন্নপূর্ণা)

(ড) 'প্রশ্ন' কবিতার রচয়িতা কে?
(জীবনানন্দ দাশ / মধুসূদন দত্ত / রবীন্দ্রনাথ ঠাকুর)

৪। যে কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) 'চর্যাপদ' কী? এর ভাষাকে কী ভাষা বলা হয়? এটি কে, কবে, কোথা থেকে আবিষ্কার করেন? ১+১+১+১+১=৫

(খ) ''অযোধ্যা-ভূষণ তুমি অযোধ্যার সার।'' 'অযোধ্যা-ভূষণ' এখানে কাকে সম্বোধন করা হয়েছে? যিনি এই উক্তিটি করেছেন, অতি সংক্ষেপে তাঁর পরিচয় দাও। ১+৪=৫

(গ) ''কণ্ঠ আমার রুদ্ধ আজিকে বাঁশি সঙ্গীত হারা।'' কোন্ কবিতার অংশ? কেন তার কণ্ঠ রুদ্ধ, সংক্ষেপে লেখ। ১+৪=৫

(ঘ) বাংলা ভাষায় যে কোনো তিনজন 'চৈতন্য-জীবনীকাব্য' রচয়িতার নাম লেখ। তাঁদের রচিত একটি কাব্য-এর নাম লেখ। ৩+২=৫

(ঙ) 'প্রায়শ্চিত্ত' নাটকের রাজা প্রতাপাদিত্যের পুত্র, কন্যা, পুত্রবধূ ও জামাতার নাম লেখ। রাজমহিষীর পরিচারিকার নাম কী? প্রতাপাদিত্যের খুড়ার নাম কী? ৩+১+১=৫

(চ) ''সাহেবরা যদি পাখী মারিতে যান, তাহারও ইতিহাস লিখিত হয়, কিন্তু বাঙ্গালার ইতিহাস নাই।'' উক্তিটি কোন্ প্রবন্ধের অন্তর্গত? প্রবন্ধটির রচয়িতা কে? উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ কর। ১+১+৩=৫

GROUP—B

(*Marks* : 35)

৫। যে কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ৭×৫=৩৫

(ক) ''আমার সব সম্মান যে তোমার প্রেমে সে তো কেউ কাড়তে পাড়েনি।'' উক্তিটি কার? কার উদ্দেশ্যে এই উক্তি করেছেন? এরূপ মন্তব্যের কারণ কী, বুঝিয়ে দাও। ১+১+৫=৭

(খ) 'দশাননের বিলাপ' কবিতাটির বিষয়বস্তু আলোচনা কর। ৭

(গ) মালাধর বসু ও তাঁর 'শ্রীকৃষ্ণবিজয়' কাব্য সম্বন্ধে যা জান লেখ। ৭

(ঘ) 'অনুকরণ' প্রবন্ধে অনুকরণ সম্পর্কে বঙ্কিমচন্দ্রের বক্তব্য সংক্ষেপে নিজের ভাষায় লেখ। ৭

(ঙ) 'প্রায়শ্চিত্ত' নাটকের উদয়াদিত্য অথবা বসন্তরায় এঁদের যে কোনো একজনের চরিত্র বিশ্লেষণ কর। ৭

(চ) বাংলা 'মহাভারত'-এর শ্রেষ্ঠ অনুবাদক কে? তাঁর কাব্যকৃতিত্ব সম্বন্ধে সংক্ষেপে আলোচনা কর। ১+৬=৭

(ছ) 'বাঙ্গালার ইতিহাস' প্রবন্ধটি কার লেখা? 'বাঙ্গালার ইতিহাস' প্রবন্ধে প্রাবন্ধিকের আক্ষেপের কারণগুলি লেখ। ১+৬=৭

PART—II

(For Old Course/Scheme Students only)

(*Marks* : 20)

৬। যে কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

(ক) ''জানহ স্বামীর নাম নাহি ধরে নারী।''

উক্তিটি কার? পংক্তিটি কোন্ কবিতার অংশ?

(খ) 'আবার আসিব ফিরে' কবিতায় কোন্ কোন্ নদীর নাম পাওয়া যায়?

(গ) 'চর্যাপদ'-এর দুজন কবির নাম লেখ।

(ঘ) ভারতচন্দ্র রায়ের লেখা শ্রেষ্ঠ কাব্যটির নাম কী? তিনি এই কাব্য কার আদেশে রচনা করেন?

(ঙ) 'ভালোবাসার অত্যাচার' প্রবন্ধটির লেখক ও মূল গ্রন্থের নাম লেখ।

(চ) 'প্রায়শ্চিত্ত' নাটক লেখকের কোন্ উপন্যাসের নাট্যরূপ? এটি কোন্ ধরনের নাটক?

(ছ) 'প্রায়শ্চিত্ত' নাটকের চারটি প্রধান চরিত্রের নাম লেখ।

৭। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) তোমাদের পাঠ্য জীবনানন্দ দাশের 'আবার আসিব ফিরে' কবিতা অবলম্বনে কবির প্রকৃতি-প্রীতির পরিচয় দাও।

(খ) 'বাঙ্গালার নব্য লেখকদিগের প্রতি নিবেদন' প্রবন্ধে বঙ্কিমচন্দ্র যা যা নির্দেশ দান করেছেন তা নিজের ভাষায় লেখ।

(গ) 'প্রায়শ্চিত্ত' নাটকের কাহিনি অবলম্বনে ধনঞ্জয় বৈরাগীর চরিত্রটি আলোচনা কর।

★★★